দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... NOV 28 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

৭৪

## ডিগ্রী পরীক্ষা ॥ চুয়াডাঙ্গায় ফটোস্ট্যাটের দোকানে ভিড়

চুয়াডাঙ্গা, ২৭ নবেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥ ডিগ্রী পরীক্ষায় নকল করার প্রত্যাশায় পরিক্ষার্থীরা গাইড বই কিনে ফটোস্ট্যাটের দোকানে ভিড় জমাচ্ছে। আধুনিক ফটোস্ট্যাট মালিকরা বড় গাইড বই থেকে সম্ভাব্য প্রশ্নের উত্তর রিডিউস করে ছেপে দিচ্ছে। পরীক্ষার হলে সহজে নকল করার জন্য এই ব্যবস্থা। শহরের বিভিন্ন ফটোস্ট্যাটের দোকানে প্রায় সারা দিন এই ফটোকপি করার কাজ চলছে। এ কারণে শহরে একদিকে যেমন ফটোস্ট্যাটের দোকানে ভিড় বাড়ছে তেমনি গাইড বই বিক্রির দোকানেও ছাত্রদের ভিড় দেখা যাচ্ছে। ফটোস্ট্যাটের মাধ্যমে গাইড বইয়ের উত্তর ছোট করার সুযোগ সৃষ্টি হওয়ায় ছাত্রছাত্রীরা পড়াশোনায় সময় ব্যয় না করে প্রায় ৭০ ভাগ ছাত্রছাত্রী পরীক্ষার আগে ফটোস্ট্যাটের দোকানে ভিড় জমাচ্ছে।